



খামার সংবাদ

## ৪৬ আন্তর্জাতিক ডেইরি, এ্যাকুয়া ও পোষা প্রাণীর মেলা অনুষ্ঠিত হলো


গত ৮ মার্চ ২০১৮ইঁ তিনি দিন ব্যপি AHCAB এর উদ্যোগে ৪৬ আন্তর্জাতিক ডেইরী, এ্যাকুয়া ও পোষা প্রাণীর মেলা এবং সেমিনার অনুষ্ঠিত হলো ঢাকাত্তু বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন AHCAB এর সভাপতি এ. কে. এম আলমগীর। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ্র এমপি এবং গেট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মোঃ রাইছউল আলম মন্ডল।



পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্যে দিয়ে সেমিনারের কার্যক্রম শুরু হয়। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন আহকাব মহাসচিব ডা. মোঃ কামরুজ্জামান। ডেইরীর উপর প্রবন্ধ উপস্থাপন করেন ড. নীতিশ চন্দ্র দেবনাথ এবং মৎস্য এর উপর প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. মোঃ মাহফুজুল হক। প্রধান অতিথির বক্তব্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ্র এমপি বলেছেন দেশের ব্যাপক সংখ্যক জনগোষ্ঠীর দৈনন্দিন পুষ্টির চাহিদার বিরাট অংশ প্ররূপ করে যাচ্ছে মৎস্য ও প্রাণিসম্পদ খাত। এ খাতে জড়িত সরকারি-বেসরকারি সকল পর্যায়ের অংশীজনের নিরলস পরিশ্রমের ফলে এটি সম্ভব হয়েছে। মন্ত্রী এ খাতের উন্নয়নে মন্ত্রণালয়ের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। তিনি বলেন এ খাতের সমস্যাও যেমন রয়েছে তেমনি রয়েছে অপার সম্ভাবনা। কাজেই এসব সম্ভাবনাকে কাজে লাগিয়ে আমাদের এগিয়ে যেতে

হবে। উদ্বোধনের পর মন্ত্রী মেলার বিভিন্ন স্টলসমূহ ঘুরে ঘুরে দেখেন।

বাংলাদেশের প্রাণিজ সেক্টরের সকল উদ্যোক্তা, খামারী, পেশাজীবি, শিক্ষার্থী, ব্যবসায়ী ও সাধারণ জনগনের মেলায়



অংশগ্রহণের মাধ্যমে এ সেক্টরে অবদান রাখতে সক্ষম হবে বলে মনে করেন আয়োজকরা। মেলায় অংশগ্রহণকারী ও দর্শনার্থীরা জানান মেলাটি দেশের ডেইরি মৎস্য ও পোষাপ্রাণি সেক্টরের সমস্যা ও এর প্রতিকার, কারিগরি উন্নয়ন এবং ছানীয় ও আন্তর্জাতিক চাহিদা পুরণে ব্যাপকভাবে অবদান রাখবে। সেমিনারে বিজ্ঞানীগণ তাঁদের ডেইরি, এ্যাকুয়া ও পোষা প্রাণীর ওপর গবেষণাধর্মী বিভিন্ন কারিগরি নিবন্ধ উপস্থাপন করেন। প্রতিদিন ৪-৫টি সেমিনার অনুষ্ঠিত হয়।

AHCAB বাংলাদেশ প্রথম আন্তর্জাতিক সেমিনার শুরু করে ২০১২ সালে এবং ধারাবাহিকভাবে এ সেক্টরের উন্নয়নে প্রতি দুই বছর অন্তর এই আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠানের আয়োজন করছে। আয়োজক কমিটি জানান মেলায়, ১২৫ টি কোম্পানীর ৩০০ টি স্টল রয়েছে। দেশি-বিদেশী মিলিয়ে বাংলাদেশ, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা, ইতালী, যুক্তরাজ্য, নেদারল্যান্ড, জাপান, চীন, স্পেন, তুরস্ক, কুমানিয়া, ভিয়েতনাম, কোরিয়া, ভারত, থাইল্যান্ডসহ অন্যান্য দেশের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে খ্যাতনামা প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণ করছে। কোন প্রকার প্রবেশ ফি ছাড়াই সকল দর্শনার্থী জন্য প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত মেলা উন্মুক্ত ছিল।



## খামার সংবাদ

১০ মার্চ শনিবার বিকাল ৪ ঘটিকায়, ৪৮<sup>র</sup> আন্তর্জাতিক ডেইরী, এ্যাকুয়া ও পোষা প্রাণী মেলার সমষ্টি ঘোষণা করা হয়। সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এবং নেতৃত্বকোনা-৩ আসনের সংসদ সদস্য জনাব ইফতিকার উদ্দিন তালুকদার পিটু।



প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক ডাঃ মোঃ আইনুল হক বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ্যানিমেল হেলথ কোম্পানিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (আহকাব)-এর আয়োজনে তিনিদের আন্তর্জাতিক এ মেলায় প্রায় ৪০ হজার দর্শনার্থী অংশগ্রহণ করেন বলে আয়োজকরা জানিয়েছেন। মেলার সমাপনি

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন আহকাব মহাসচিব ডাঃ মোঃ কামরুজ্জামান এবং ধন্যবাদ জ্ঞাপন করেন আহকাব সভাপতি এ কে এম আলমগীর। অনুষ্ঠানে প্রধান অতিথি 4th IEDAP'2018-তে অংশগ্রহণকারী সকলের হাতে ক্রেস্ট তুলে দেন। প্রথম স্থান অধিকার করে দি একমি ল্যাবরেটরিজ লি, ২ঘ- ঢাকা ফ্রপ, ঢয়- ফাইটেক এণ্ডো, ৪৮-উইনিং এণ্ডো এবং ৫ম হয়েছেন ইব্রাতাস ট্রেডিং।



উদ্যোক্তারা বলেন এবারের মেলাটি দেশের মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরের জন্য একটি মাইফলক হিসেবে কাজ করবে। এ ধরনের আয়োজনে সকলের অংশগ্রহণ বেশি বেশি থাকা উচিত বলে অনেকে মন্তব্য করেন।